বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
শৃঙ্খলা শাখা, মানব সম্পদ বিভাগ
www.caab.gov.bd

**নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২২১.১৪.০৩৬০.২২.৮৯

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ রোমেন রায়হান প্রিতম (পিতা: মোঃ আলমগীর চৌধুরী), রেডিও ক্লিনার, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামে কর্মরত থাকা অবস্থায় নিজ চিকিৎসার জন্য ভারত গমনের উদ্দেশ্যে তার আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের অফিস আদেশ নং-৩০.৩১.০০০০.২২১. ১৪.৩৬০.২২.৩৬৯৩, তারিখ: ২২ এপ্রিল ২০২৪-এর মাধ্যমে গত ২৭ মার্চ ২০২৪ তারিখ হতে ১০ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত অথবা বাস্তব ভ্রমণের তারিখ হতে ১৫ (পনেরো) দিনের বহিঃবাংলাদেশ ভ্রমণের অনুমতিসহ বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। তিনি গত ৩০ এপ্রিল ২০২৪ হতে ১৪ মে ২০২৪ তারিখ পর্যন্ত ছুটি ভোগের জন্য কর্মস্থল ত্যাগ করেন। কিন্তু ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে অনুপস্থিত থাকেন;

২.০ যেহেতু, চিকিৎসা-পরবর্তী আরও ১০ (দশ) দিন বিশ্রামের প্রয়োজন রয়েছে মর্মে তিনি ১৪ মে ২০২৪ তারিখে তার শাখা প্রধানকে মোবাইল ফোনে অবহিত করেন। কিন্তু পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করায় তার ব্যক্তিগত মোবাইল ফোনে যোগাযোগ করা হলে ১২ জুন ২০২৪ তারিখে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ তাকে অবিলম্বে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করেন;

৩.০ যেহেতু, তিনি উক্ত নির্দেশনা অমান্য করে কর্মস্থলে যোগদান না করায় বিষয়টি সদর দপ্তরকে অবহিত করা হয়। পরবর্তীতে গত ০৩ জুলাই ২০২৪ ও ১২ নভেম্বর ২০২৪ তারিখে সদর দপ্তর কর্তৃক তার নিকট ব্যাখ্যা তলব করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে কোনো জবাব পাওয়া যায়নি। এছাড়া, তার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র ডাক বিভাগ হতে ফেরত আসে;

৪.০ যেহেতু, ব্যাখ্যা তলবের জবাব দাখিল না করা এবং অনুমোদিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পর ১৫ মে ২০২৪ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় কর্তৃপক্ষের পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকা তার দায়িত্বহীনতার পরিচায়ক। ফলে তার উক্ত কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হিসেবে প্রতীয়মান হওয়ায় স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৩৬০.২২.৫, তারিখ: ১২ জানুয়ারি ২০২৫ মূলে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০১/২০২৫ রুজু করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়। অভিযোগনামাটি যথাযথ প্রক্রিয়ায় তার কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৫.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে কোনো জবাব প্রাপ্ত না হওয়ায় অভিযোগ তদন্তের লক্ষ্যে গত ০৬ মে ২০২৫ তারিখে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত কার্যক্রম সম্পন্ন করে গত ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে মতামত সুস্পষ্ট করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

৬.০ যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় তাঁকে “চাকরি হতে বরখাস্তকরণ"” সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে গত ১৯ জানুয়ারি ২০২৬ তারিখে তার নিকট দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। নোটিশটি যথাযথ প্রক্রিয়ায় তার কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণের পাশাপাশি তার ব্যক্তিগত ই-মেইল ও হোয়াটসঅ্যাপ নম্বরেও পাঠানো হয়;

৭.০ যেহেতু, তিনি বিলম্বে হোয়াটসঅ্যাপের মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি তার শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করলেও তার সমর্থনে কোনো গ্রহণযোগ্য প্রমাণক দাখিল করেননি। উপরন্তু, তিনি তার বর্তমান শারীরিক ও মানসিক অবস্থার পরিপ্রেক্ষিতে ভবিষ্যতেও চাকরির দায়িত্ব যথাযথভাবে পালন করা সম্ভব হবে না মর্মে উল্লেখ করে স্বেচ্ছায় পদত্যাগের আবেদন করেন; এবং

৮.০ যেহেতু, বিভাগীয় মামলার নথিপত্র, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের বিলম্বিত জবাব এবং সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তিনি নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের কোনো পত্রের জবাব দাখিল করেননি এবং অনুমোদিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পর গত ১৫ মে ২০২৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করে পলায়নরত রয়েছেন। এছাড়া, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক নয়। তদুপরি, তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যক্রম চলমান থাকায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৬৫(৩) অনুযায়ী চাকরি হতে ইস্তফা প্রদানের সুযোগ নেই। ফলে একই প্রবিধানমালার প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী তার বিরুদ্ধে আনীত “অসদাচরণ” ও “পলায়ন”-এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

৯.০ সেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ রোমেন রায়হান প্রিতম (পিতা: মোঃ আলমগীর চৌধুরী), রেডিও ক্লিনার, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন”-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। অভিযোগের প্রকৃতি, গুরুত্ব, দীর্ঘমেয়াদি অননুমোদিত অনুপস্থিতি এবং মামলার সার্বিক পরিস্থিতি বিবেচনায় একই প্রবিধানমালার প্রবিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তাকে “চাকরি হতে বরখাস্তকরণ” সূচক গুরুদণ্ড প্রদান করা হলো এবং এতদ্দ্বারা বিভাগীয় মামলা নং-০১/২০২৫ নিষ্পত্তি করা হলো।

১০.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০-০৬-২০২৬
এস. এম. লাবলুর রহমান
সদস্য (প্রশাসন)
ফোন : +৮৮০ ২ ৪১০৯১০০৫
ফ্যাক্স : ...
ইমেইল : madmin@caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২২১.১৪.০৩৬০.২২.৮৯/১ (১০)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য(এটিএম), সদস্য(এটিএম) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৩। পরিচালক, শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম। ইমেইল: dsaiactg@caab.gov.bd।
৪। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৬। পরিচালক (সিএনএস) (চলতি দায়িত্ব), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৯। সহকারী সমন্বয় কর্মকর্তা, প্রশাসন স্টোর ইউনিট, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১০। জনাব মোঃ রোমেন রায়হান প্রিতম (পিতা: মোঃ আলমগীর চৌধুরী), রেডিও ক্লিনার (বরখাস্তকৃত), পরিচালকের দপ্তর, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম। স্থায়ী ঠিকানা: গ্রাম-চর গোসাই, ডাকঘর-বিবির হাট, থানা-রামগতি, জেলা-লক্ষ্মীপুর। বর্তমান ঠিকানা: ৯৩৬, পশ্চিম নন্দীপাড়া, খিলগাঁও, ঢাকা। মোবাইল:01575251939/01300725633।ইমেইল: pritom.ptm008@gmail.com।

৩০-০৬-২০২৬
এস. এম. লাবলুর রহমান
সদস্য (প্রশাসন)